ভোরের কাগজ

তারিখ ... ... ...SEP. 02 1999
পৃঃ … কলাম …

13

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভাঙচুর, মহাসড়ক অবরোধ

শেখ সেলিম, ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে : বিশ্ববিদ্যালয় পরিবহনের একজন ড্রাইভারের মাথায় হাতুড়ি দিয়ে আঘাত ও দুজন ছাত্রের ওপর হামলার ঘটনায় গতকাল বুধবার ইসলামী বিশ্ববিদ্যালয়ে ব্যাপক ভাঙচুর ও অবরোধে ক্যাম্পাস রণক্ষেত্রে পরিণত হয়। সর্বদলীয় ছাত্রঐক্য এবং সাধারণ ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের গেট ভাঙচুর করে এবং কুষ্টিয়া-খুলনা মহাসড়ক সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত অবরোধ করে রাখে।

জানা যায়, রাস্তায় গাড়ির সাইড দেওয়াকে কেন্দ্র করে গত মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের বাসের একজন ড্রাইভারের সঙ্গে অপর এক বাস ড্রাইভারের বাকবিতণ্ডার এক পর্যায়ে বিশ্ববিদ্যালয় পরিবহনের ড্রাইভারকে লাঞ্ছিত করা হলে ছাত্রছাত্রীরা তা প্রতিহত করে। পরে বিশ্ববিদ্যালয়ের বাসটি ঝিনাইদহে এলে স্থানীয় শ্রমিকরা ঐ বাসের ড্রাইভারের ওপর হামলা চালায় এবং হাতুড়ি দিয়ে তার মাথায় আঘাত করে। এ অবস্থায় দুজন ছাত্র প্রতিরোধে এগিয়ে গেলে শ্রমিকরা তাদেরকেও মারধর করে আহত করে। আহতদেরকে আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়।

এ ঘটনা জানতে পেরে গতকাল ছাত্রছাত্রীরা বিক্ষুব্ধ হয়ে সর্বদলীয় ছাত্রঐক্য গঠন করে ঘটনার সুষ্ঠু বিচারের দাবিতে বিক্ষোভ মিছিল করে এবং প্রশাসন ভবন ভাঙচুর ও কুষ্টিয়া-খুলনা মহাসড়ক অবরোধ করে। বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা পরে এক সমাবেশে মিলিত হয়। পরবর্তী সময়ে ভিসি, পুলিশ প্রশাসন এবং ছাত্র সংগঠনগুলোর যৌথ সভায় এ ঘটনার সুষ্ঠু বিচারের আশ্বাস দেওয়া হলে ছাত্রছাত্রীরা অবরোধ প্রত্যাহার করে নেয়।